*'প্রাথমিক পরিচর্যার জন্য ভার্চুয়াল পরিচর্যাকে উপযুক্ত চিকিৎসাগতভাবে ব্যবহারের জন্য প্রথম পর্যায়ের নির্দেশিকা'*

# ডাক্তারিতে নির্দেশিকা বিবৃতি

ontariohealth.ca/virtualcareguidance থেকে নির্দেশিকা সংক্রান্ত 'টুলগুলি' ডাউনলোড করে নিন

## I. ভার্চুয়াল প্রাথমিক পরিচর্যার পরিকল্পনা

- ☐ আমি মূল্যায়ন করে দেখেছি কোন-কোন ভার্চুয়াল পরিষেবা আমার রুগিদের উপকারে আসতে পারে
- ☐ ভার্চুয়াল পরিচর্যা প্রদান করার ক্ষেত্রে (যেমন ফোন, ভিডিও, নিরাপদ মেসেজ, ই-মেল-এর মাধ্যমে) আমি নিজের সামর্থ্য, যোগ্যতা ও স্বাচ্ছন্দ্যকে বুঝতে পেরেছি
- ☐ নির্দিষ্ট কোনও একটি ভার্চুয়াল পরিচর্যাকে যদি ব্যবহার করার সময় মনে হয় যে সেটি উপযুক্ত নয় বা সেটি প্রত্যাশা মতো কাজ করছে না তাহলে আমাকে কী করতে হবে বুঝতে পেরেছি
- ☐ আমি নিজের ডাক্তারিতে ভার্চুয়াল পরিচর্যা প্রদান করার ইচ্ছার কথা জানিয়েছি এবং এর মধ্যে জড়িত অন্যান্য সবার প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা আছে বলে জেনে নিয়েছি
- ☐ আমি নিজের ডাক্তারিতে কোন-কোন প্রকার ভার্চুয়াল পরিচর্যা প্রদান করব (ফোন, ভিডিও, নিরাপদ মেসেজ, ইমেল) তার রূপরেখা আমার রুগিদের জানিয়েছি

'*ভার্চুয়াল পরিচর্যার বিকল্প* সম্পর্কে জানা' টুলের উদ্দেশ্য হল চিকিৎসা প্রদানকারী ও কার্যালয়ের কর্মীদের এটা জানতে সহায়তা করা যে রুগিদের জন্য কী-কী ভার্চুয়াল পরিচর্যা পরিষেবা রয়েছে। এই টুলটি ontariohealth.ca/virtualcareguidance থেকে ডাউনলোড করে নিন

## II. ভার্চুয়াল প্রাথমিক পরিচর্যা পরিষেবা গ্রহণ করতে পারার মতো রুগির সামর্থ্যের মূল্যায়ন করা, নথিবদ্ধ করা এবং তা জানানো

- ☐ আমি নিজের রুগিদের সঙ্গে উপলব্ধ ভার্চুয়াল পরিচর্যা বিকল্প ব্যবহারের ক্ষেত্রে তাঁদের স্বাচ্ছন্দ্য, যোগ্যতা ও সামর্থ্য নিয়ে কথা বলে নিয়েছি
- ☐ ভার্চুয়াল পরিচর্যা ব্যবহারের ক্ষেত্রে রুগির কোনও সমস্যা হলে কী করা হবে সেই পরিকল্পনার কথা আমি জানিয়েছি, সেই সঙ্গে প্রযুক্তিগত সমস্যা দেখা দিলে যে ব্যাক-আপ প্ল্যানও আছে তা-ও জানিয়েছি
- ☐ রুগির কী পছন্দ তা নথিবদ্ধ করার ব্যবস্থা আমার কাছে আছে এবং আমি এই তথ্য টিমের আবশ্যিক সদস্যদের দিয়েছি
- ☐ পরিস্থিতি বদলে গেলে, সেই বদলকে পুনরায় মূল্যায়ন করার, নথিবদ্ধ করার এবং তা জানানোর পদ্ধতি আমার কাছে আছে

'*ভার্চুয়াল পরিচর্যা ব্যবহারের চেকলিস্ট*' টুলের উদ্দেশ্য হল এটি রুগিদের জানানো এবং তাঁদের নিজের পছন্দ ও সামর্থ্য নিয়ে বিবেচনা করতে দেওয়া। এই টুলটি ontariohealth.ca/virtualcareguidance থেকে ডাউনলোড করে নিন

## III. ভার্চুয়াল প্রাথমিক পরিচর্যা প্রদান করা

- ☐ ভার্চুয়াল পরিচর্যা প্রদান সংক্রান্ত সাক্ষ্য/প্রথম সারির ডাক্তারির বিষয়ে নিজেকে অবগত রাখি
- ☐ আমার ডাক্তারিতে ভার্চুয়াল পরিচর্যা প্রদানের কাজে যাঁরা যুক্ত তাঁদের আমি উপযুক্ত নির্দেশনা ও সহায়তা প্রদান করি
- ☐ আমি এই ধরনের সাক্ষাৎকারের কারণ ও আপৎকালীনতার মাত্রাকে বিবেচনা করে দেখি এবং প্রয়োজন হলে সশরীরের সাক্ষাতের ব্যবস্থা করি
- ☐ আমি এমন সাক্ষাৎকারের সময় হওয়া চিকিৎসাগত উপস্থাপনা এবং এই সময় হওয়া তথ্য আদান-প্রদানের জটিলতা এবং প্রয়োজন হলে সশরীরে সাক্ষাৎকারের ব্যবস্থা করার বিষয়গুলি নিয়ে বিবেচনা করি
- ☐ সাক্ষাৎকারগুলিকে এবং ব্যবহৃত পন্থাকে আমার পেশার আবশ্যিক শর্ত অনুযায়ী নথিবদ্ধ করার ব্যবস্থা আমার কাছে আছে এবং এটিকে ব্যবহার করতে পারি

Ontario Health